



AKASHVANI SILCHAR

REGIONAL NEWS UNIT

MORNING NEWS BULLETIN

BENGALI

DATE: 3 December 2025 2025

TIME: 7:35 AM

মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ গুয়াহাটীৰ সৰুসজাইৰ অৰ্জুন ভোগেশ্বৰ বৰুয়া ক্ৰীড়া প্ৰকল্পে সকাল ১১ টায় আসাম পুলিছ সহ গৃহ বিভাগেৰ মোট ৫ হাজাৰ ৮শ ১৮ জন নব-নিৰ্বাচিত প্ৰাৰ্থীৰ হাতে চাকুৰীৰ নিযুক্তিপত্ৰ প্ৰদান কৰবেন । এৰমধ্যে আসাম পুলিছৰ উপ-পরিদৰ্শক এবং সমপৰ্যায়ৰ পদে ১৫৬ জন ,কনষ্টেবল ও সমপৰ্যায়ৰ পদে ৫ হাজাৰ ৪১০ জন প্ৰাৰ্থী সহ চতুৰ্থ শ্ৰেণীৰ পদে ২৫২ জন নিৰ্বাচিত প্ৰাৰ্থী রয়েছেন । নিৰ্বাচিত প্ৰাৰ্থীদেৰ মধ্যে ৫ হাজাৰ ১০ জন আসাম পুলিছ , ৪১১ জন আসাম পুলিছ বেতাৰ সংগঠন , ৩৬১ জন গৃহৰক্ষী এবং অসামৰিক প্ৰতিৰক্ষা , ২১ জন অগ্নি ও জৰুৰীকালীন সেবা , ১২ জন কাৰাগাৰ ও তিনজন ফৰেনসিক বিজ্ঞান সঞ্চালকালয়ে নিযুক্তি লাভ কৰেছেন । চা জনজাতি সম্প্ৰদায়েৰ জন্য সংৰক্ষিত তিন শতাংশ পদে নিৰ্বাচিত ১২০ জন প্ৰাৰ্থীকে আগামী ৮ই ডিসেম্বৰ পৃথকভাবে নিযুক্তিপত্ৰ প্ৰদান কৰা হবে ।

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তুবিশ্ব শর্মা চা জনগোষ্ঠীর লোকেদের ভূমির অধিকার প্রদান সম্পর্কে গতকাল রাজ্যের বিভিন্ন জেলা আয়ুক্তদের সঙ্গে এক গুরুত্বপূর্ণ বৈঠকে মিলিত হয়েছেন । চা জনগোষ্ঠীর লোকেদের কী পদ্ধতিতে জমির অধিকার প্রদান করা হবে, সে সম্পর্কে মুখ্যমন্ত্রী সংশ্লিষ্ট জেলা আয়ুক্তদের নির্দেশনা প্রদান করেন । বৈঠকে রাজ্যের দুই মন্ত্রী কেশব মহন্ত এবং জয়ন্ত মল্ল বড়ুয়া ছাড়াও রাজ্য সরকারের উচ্চপদস্থ আধিকারিকরাও অংশ গ্রহণ করেন ।

মুখ্যমন্ত্রী ড.হিমন্তু বিশ্ব শর্মা আগামী শনিবার হাইলাকান্দি সফরে আসছেন । মহিলা উদ্যমিতা প্রকল্পের অধীনে মুখ্যমন্ত্রী হাইলাকান্দি বিধানসভা এলাকার ১৭ হাজার ৫০০ টি স্বনির্ভর গোষ্ঠীর সদস্যদের হাতে আর্থিক সহায়তার চেক তুলে দেবেন । হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার মাঠে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

আজ বিশ্ব দিব্যঙ্গ দিবস । এ উপলক্ষ্যে শিলচরের উজ্জীবন স্পেসটিক সোসাইটির উদ্যোগে সকাল সাড়ে ১১টায় তারাপুর ইন্ডিয়া ক্লাব সংলগ্ন সোসাইটির কার্যালয়ে এক সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

সামাজিক ন্যায় ও সবলীকরণ বিভাগের মন্ত্রী ডক্টর বীরেন্দ্র কুমার জানিয়েছেন যে গত ১১ বছরে ৩২ লক্ষেরও বেশী দিব্যঙ্গ হিতাধিকারীকে আধুনিক যন্ত্র দিয়ে সহায়তা করা হয়েছে । মন্ত্রী ডক্টর কুমার দিব্যঙ্গ ও প্রবীণ নাগরিকদের স্বাধীনতা এবং দৈনন্দিন চলাচল বৃদ্ধির লক্ষ্যে তিন চাকার স্কুটার এবং ক্লিপ

অন ছইলচেয়ার সহ নতুন উন্নত গতিশীল যন্ত্র এবং যানবাহন চালু করেন ।

ধলাই-র বিধায়ক নীহার রঞ্জন দাস গতকাল রুকনী পশ্চিম গ্রাম পঞ্চায়েতে প্রধানমন্ত্রী চা শ্রমিক প্রোৎসাহন যোজনার অধীনে রুকনী চা বাগান নিম্ন প্রাথমিক বিদ্যালয়কে উচ্চ প্রাথমিক বিদ্যালয়ে উন্নীতকরনের লক্ষ্যে ৩৫ লক্ষ ২৮ হাজার টাকার মঞ্জুরীকৃত অর্থে ভবন নির্মান এবং রাখালটিলায় আনটাইড ফান্ড থেকে ৫ লক্ষ টাকা ব্যয় সাপেক্ষে ছটপূজা ঘাটের শিলান্যাস করেন । শিলান্যাস অনুষ্ঠানে বিজেপি পালংঘাট মন্ডল সভাপতি অপূর্ব দাস , জেলা পরিষদ সদস্য মিহির কান্তি রায় , আঞ্চলিক পঞ্চায়েত সদস্য বিজয় গোয়াল প্রমূখ উপস্থিত ছিলেন ।

উত্তর-পূর্ব সীমান্ত রেল উন্নত রিমোটলি অপারেটেড রোবোটিক ভেহিক্যাল প্রযুক্তি ব্যবহার করে জলের নীচে থাকা রেল সেতুর কাঠামোগত পরিদর্শন সফলভাবে সম্পন্ন করেছে । এরমধ্যে ব্রহ্মপুত্র নদের উপর থাকা সরাইঘাট সেতু সহ আরো বেশ কিছু সেতুর পরিকাঠামো পরিদর্শন করা হয়েছে । উল্লেখ্য এই সেতুগুলির কাঠামোর কিছু অংশ সারা বছরই জলে ডুবে থাকে , যার ফলে ভিত্তি , কূপ এবং স্তম্ভের অবস্থা মূল্যায়নের জন্য জলের তলের পরিদর্শন অপরিহার্য হয়ে পড়েছে ।

মাদ্রাক দ্রব্য নিয়ন্ত্রন ব্যুরো গতকাল কাছারের একটি আন্তর্জাতিক ড্রাগস সরবরাহ চক্রকে গ্রেপ্তার করেছে । মাদ্রাক দ্রব্য নিয়ন্ত্রন ব্যুরোর সদস্যরা

শিলচর শহরের নিকটে বরাক নদীতে অভিযান চালিয়ে একটি নৌকা থেকে ৬ কিলো একশ ৪৯ গ্রাম হেরোইন জব্দ করে যা বাজার মূল্য প্রায় ১২ কোটি ৫০ লক্ষ টাকা বলে পুলিশ জানিয়েছে ।

হাইলাকান্দির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জেলার বিদ্যালয়গুলিতে প্রধানমন্ত্রী পোষন ও বাল বাটিকা প্রকল্পের জন্য অক্টোবর ,নভেম্বর ও ডিসেম্বর মাসের চাল বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তিতে আরো জানানো হয়েছে যে এই চাল অক্টোবর মাসের জন্য ২১ দিনের , নভেম্বর মাসের জন্য ২৩ দিনের এবং ডিসেম্বর মাসের জন্য ২৫ দিনের চাল বরাদ্দ করা হয়েছে ।

হাইলাকান্দি জেলার খাদ্য ,গণবন্টন ও গ্রাহক পরিক্রমা বিভাগের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে জেলায় নভেম্বর-ডিসেম্বর মাসের নীল কেরোসিন বরাদ্দ করা হয়েছে । খাদ্য সুরক্ষার কার্ড প্রতি ২৪ মিলিলিটার করে কেরোসিন বন্টন করা হবে ।
